

বিআইএফটিকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের প্রস্তাব বিজিএমইএর

অর্থ ও বাণিজ্য ডেপুটি

বিজিএমইএ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজিক্যাল (বিআইএফটি) পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের জন্য বিজিএমইএ আনুষ্ঠানিকভাবে সরকারকে প্রস্তাব দিয়েছে। বিজিএমইএ সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী পরিভ্রমণের নেতৃত্বে সংগঠনের একটি প্রতিনিধিদল গত দু'ঘণ্টার বাণিজ্য ও শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করে এ প্রস্তাব দেয়।

প্রতিনিধিদলে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজিএমইএর দ্বিতীয় সহসভাপতি মো. শামীমুল ইসলাম, সহসভাপতি (অর্থ) মাহমুদ হাসান খান (মাসু), পরিচালক এ এম মাহবুব চৌধুরী এবং বিআইএফটির সভাপতি বেনজীর আহমেদ, সদস্যের সিদ্দিকুর রহমান ও ইকবাল চৌধুরী, বিআইএফটির সাবেক প্রিন্সিপাল ড. নজরুল ইসলাম এবং বাণিজ্য সচিব।

আলোচনাকালে বিজিএমইএ সভাপতি বলেন, বিজিএমইএর উদ্যোগে স্থাপিত বিআইএফটি গত আট বছর ধরে পোশাকশিল্পের চাহিদা পূরণের লক্ষ্যে মানবমাপদ উন্নয়নে কাজ করেছে। তিনি বলেন, এ শিল্পে বর্তমানে পাঁচ হাজার বিদেশি ন্যূনতম কাজ করেছে। এদের ছাত্রগায় বিশেষ শিক্ষায় পিঙ্কিত এ দেশীয় জনপতি প্রয়োজন, যা বিআইএফটি করতে পারে। আর এর জন্য বিআইএফটিকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা সরকার। বিআইএফটিকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ব্যাপারে অনুমোদনের জন্য বিজিএমইএ প্রতিনিধি দল উপদেষ্টাকে অনুরোধ জানান।

বিজিএমইএ সভাপতির স্বত্বস্বায়ত্ত্ব অবধি

ড. হোসেন জিল্লুর রহমান বলেন, এ প্রস্তাবনা অত্যন্ত যৌক্তিক। এ প্রস্তাবনার ব্যাপারে তাঁর মন্ত্রণালয় অবগতি সাদা দেবে। তিনি বলেন, নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয় আট বর্তমানে প্রক্রিয়াধীন, যা এ মাসেই চূড়ান্ত হতে পারে। এরপর অগ্রাধিকার ভিত্তিতে তাঁর মন্ত্রণালয় বিজিএমইএর প্রস্তাবটি বিবেচনা করবে।